উত্তরবঙ্গ

বিমান মাশুল প্রতিকপি : ত্রিপুরা, অসম ১ টাকা।
সংবাদ প্রতিদিন, রবিবার ৬ এপ্রিল ২০২৫

দার্জিলিং ■ কালিম্পং ■ জলপাইগুড়ি ■ আলিপুরদুয়ার ■ কোচবিহার ■ উত্তর দিনাজপুর ■ দক্ষিণ দিনাজপুর ■ মালদহ

গন্ডার শিকারি দামড়া ও তিন সঙ্গীর জেল

আলিপুরদুয়ার

- এর আগে রিকোচের অস্ত্র সরবরাহকারী লুকাস বসুমাতার ছ'বছরের জেল হয়।
- ২০২৪ সালে রিকোচের মুল শুটার লেকেন নার্জিনারির জেল হেফাজতে মৃত্যু হয়।
- এরপরে চোরা শিকারে কিছুটা থেকেছিল রিকোচ।
- গা-ঢাকা দিয়ে উত্তরপূর্ব ভারতের বিভিন্ন জায়গায় আশ্রয় নিয়েছিল রিকোচ। শেষরক্ষা হয়নি।
- জেলে গেল উত্তরপূর্ব ভারতের বিভিন্ন বনাঞ্চলের ত্রাস রিকোচ নার্জিনারি ওরফে দামড়া।

নিজস্ব সংবাদদাতা, আলিপুরদুয়ার: জলদাপাড়া ও গরুমারা জাতীয় উদ্যানে একাধিক গন্ডার শিকারের কিংপিন রিকোচ নার্জিনারি ওরফে দামড়ার এক বছরের সশ্রম জেল হল। তার অন্য আরও তিন সঙ্গীকে ৪ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দেওয়া হয়েছে। প্রত্যেককেই কারাবাসের সঙ্গে ৪০ হাজার টাকা করে নগদ জরিমানা ধার্য করা হয়েছে।

শনিবার আলিপুরদুয়ারে সিজেএম আদালতের বিচারক এই রায় দিয়েছেন। এই রায়ে স্বাভাবিকভাবে খুশি জলদাপাড়া জাতীয় উদ্যান কর্তৃপক্ষ। জলদাপাড়া জাতীয় উদ্যানের সহকারী বন্যপ্রাণ সহায়ক নভজিৎ দে বলেন, "রিকোচ ও তাঁর তিন সঙ্গীকে সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিয়েছেন বিচারক। আমরা এই রায়ে খুশি। আমরা চোরা শিকারিদের হুঁশিয়ারি দিয়ে বলতে চাই আইন কাউকে ছেড়ে কথা বলবে না। জলদাপাড়া জাতীয় উদ্যান কর্তৃপক্ষ অত্যন্ত সজাগ রয়েছে।"

জানা গিয়েছে রিকোচের অন্য তিন সাথীর নাম হল রঞ্জিত রায়, বরুন রায় ও পরেশ রায়। এরা তিনজনই জলদাপাড়া জাতীয় উদ্যান লাগোয়া বিভিন্ন এলাকার বাসিন্দা। ১৪ ফেব্রুয়ারি এই তিনজনকে হাতির দাঁত পাচার করার সময় জলদাপাড়া জাতীয় উদ্যান লাগোয়া মেন্দাবাড়ি থেকে বমাল গ্রেপ্তার করে জলদাপাড়া জাতীয় উদ্যান কর্তৃপক্ষ। এদিন তাদের সাঁজা ঘোষণা করা হল।

অন্যদিকে ২০২৪ সালের ১৯ মার্চ অসমের কামরূপ জেলার একটি গোপন ডেরা থেকে গ্রেপ্তার হয় রিকোচ নার্জিনারি। তারপর জলদাপাড়া জাতীয় উদ্যান কর্তৃপক্ষ তাকে অসম পুলিশের কাছ থেকে হেফাজতে নেয়। রিকোচ ওরফে দামরার বাড়ি জলদাপাড়া জাতীয় উদ্যান লাগোয়া মাদারিহাটের সাড়ে আটমাইল এলাকায়। ২০১৪ সালের পর এই রাজ্যে জলদাপাড়া ও গরুমারাতে একাধিক গন্ডার শিকার হয়েছে। জলদাপাড়া জাতীয় উদ্যানে সেসময় ১৪টি গন্ডার চোরা শিকারিরা মেরেছিল। এই গণ্ডার শিকারের কিংপিন ছিল রিকোচ নার্জিনারি। রিকোচ নিজেও একজন শার্প শুটার। এছাড়া ভাড়া করা শুটার এনেও গণ্ডার শিকার করাত রিকোচ। শুধু তাই নয়, উত্তরপূর্ব ভারতের বিভিন্ন বনাঞ্চলে চোরা শিকারের সঙ্গে রিকোচের প্রত্যক্ষ যোগাযোগ মিলেছে। রিকোচের বিরুদ্ধে জলপাইগুড়ি আদালতেও জলদাপাড়া জাতীয় উদ্যানের একটি মামলা চলছে। ওই মামলাতেই মুল অভিযুক্ত রিকোচ ওরফে দামড়া।

বাড়িতে তালা মেরে বেপাত্তা স্বামী, সংসার করতে থানার দ্বারস্থ স্ত্রী

নিজস্ব সংবাদদাতা, বালুরঘাট: বাড়িতে তালা মেরে বেপাত্তা স্বামী। সংসার করতে চেয়ে তপন থানার দ্বারস্থ স্ত্রী। শনিবার তপন থানার মাঝিখণ্ডায় এই ঘটনায় চাঞ্চল্য ছড়াল।

জানা গিয়েছে, ২০২২ সালের ৮ ফেব্রুয়ারি তপন থানার মাঝিখন্ড এলাকার ইয়াস কুরুনি ও গঙ্গারামপুর থানার চালুনের বাসিন্দা শারমিন খাতুনের রেজিস্ট্রি বিয়ে হয়। বিয়ের পর থেকে স্ত্রীকে নিয়ে চালুনে শ্বশুর বাড়িতেই থাকতেন ইয়াস কুরুনি। তবে মাস ছয়েক আগে ওই ব্যক্তি তপনের মাঝিখণ্ডায় নিজের বাড়িতে চলে আসেন স্ত্রীকে নিয়ে। শুক্রবার শারমিন খাতুন বালুরঘাটে এসেছিলেন। পরে বাড়ি ফিরে গিয়ে দেখেন গেটে তালা লাগানো। এমনকি মোবাইলের সুইচ অফ। দীর্ঘ কয়েকঘন্টা বাইরে অপেক্ষা করেন। কিন্ত স্বামী না আসায় রাতে বাপের বাড়ি চলে গিয়েছিলেন। শনিবার সকালে ফের শ্বশুর বাড়ি আসেন তিনি। এদিনও একই অবস্থা দেখে বাইরেই অপেক্ষা করেন। তবে স্বামী ছেড়ে চলে গিয়েছে এই সন্দেহে ওই মহিলা এদিন তপন থানার দ্বারস্থ হন।

শারমিন খাতুন জানান, পণ বাবদ তার স্বামী ৩০ লক্ষ টাকা দাবি করেছিলেন। তবে তার বাবা ১৫ লক্ষ টাকা দিয়েছিলেন। বাকি টাকা জোগাড় করে দেওয়ার চেষ্টা করছিলেন। এখন মনে হচ্ছে হাতে পাওয়া পনেরো লক্ষ টাকা নিয়ে তাঁর স্বামী পালিয়ে গিয়েছে। তিনি তাঁর স্বামীর সঙ্গে ঘর করতে চেয়ে অবশেষে থানায় দ্বারস্থ হয়েছেন। এ ছাড়া তাঁর কোনও উপায় ছিল না।

জঙ্গি হামলার আশঙ্কা বিধায়ক শ্রীরূপার

স্টাফ রিপোর্টার, মালদহ: রামনবমীতে 'জঙ্গি হামলা'র আশঙ্কা প্রকাশ করলেন মালদহের ইংলিশবাজারের বিজেপি বিধায়ক শ্রীরূপা মিত্র চৌধুরি। মালদহ, মুর্শিদাবাদের সীমান্ত এলাকায় মিছিলে হামলা হতে পারে, এই আশঙ্কায় প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি পাঠালেন তিনি। তাতে তাঁর আবেদন, হামলার মোকাবিলায় আধাসেনাকে প্রস্তুত রাখা হোক। সাধারণত কোনও উৎসবে সিভিক ভলান্টিয়ারদের উপরই নিরাপত্তার দায়িত্ব বাড়ানো হয়। কিন্তু শ্রীরূপা মিত্র চৌধুরির দাবি, "সিভিক ভলান্টিয়ারের বদলে সেনা চাই রামনবমীর নিরাপত্তায়।"

শনিবার মালদহে সাংবাদিকদের মুখোমুখি হয়ে শ্রীরূপা দেবীর বক্তব্য, "প্রতি বছর ইংলিশবাজারে রামনবমী খুব বড় করে উদযাপন করা হয়। মিছিল বেরোয়। রবিবারও খুব বড়সড় সেলিব্রেশন হবে এখানে। কিন্তু আমি আশঙ্কা করছি, রামনবমীর মিছিলে জঙ্গি হামলা হবে।" তাঁর নিশানায় বিভিন্ন জঙ্গি সংগঠনের স্লিপার সেল। সম্প্রতি বেলডাঙা ও মোথাবাড়িতে অশান্তির ঘটনায় জঙ্গিমূলক কার্যকলাপকে দায়ী করছে বিজেপি। এরপর তাঁর দাবি, "আমি পুলিশ প্রশাসনকে বলতে চাই, শুধু সিভিক ভলান্টিয়ার নয়। দরকার হলে আধাসেনা বাহিনী তৈরি রাখা হোক। মানুষকে নিরাপত্তা দিতে হবে। আমি এটা নিয়ে আমাদের জেলার এসপি, জেলাশাসকের পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি লিখেছি। তাতে দাবি করেছি, রামনবমীতে নিরাপত্তার জন্য আধা সামরিক বাহিনী চাই।"

রেল কোয়ার্টারের বারান্দা থেকে দেহ উদ্ধার

মালবাজার : রেল কোয়ার্টারের বারান্দায় এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করল মালবাজার পুলিশ। মাল ব্লকের ওদলাবাড়ি রেল স্টেশনের রেল কোয়ার্টারের বারান্দায় শনিবার সকালে স্থানীয় যুবকেরা ওই ব্যাক্তির মৃতদেহ দেখতে পেয়ে মালবাজার থানায় খবর দেন। জানা গিয়েছে, মৃত ব্যাক্তির নাম সন্দীপ থাপা (৪০)। বাড়ি কালিম্পং জেলার কালিঝোড়ার কাছে লোহাপুল এলাকায়। শুক্রবার রাতে ওদলাবাড়ি স্টেশন চত্বরে অসুস্থ হয়ে পরলে স্থানীয়রা তাঁকে ওদলাবাড়ি হাসপাতালে নিয়ে যান। শনিবার সকালে রেল স্টেশনের একটি রিপিয়ারিং কোয়ার্টারের বারান্দায় ব্যক্তির মৃতদেহ দেখতে পেয়ে পুলিশকে জানান স্থানীয়রাই। মাল পুলিশ মৃতদেহ উদ্ধার করে।

শিশুকন্যাকে যৌন নির্যাতনে ২০ বছরের জেল

নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি : চার বছর চার মাস বয়সী শিশুকন্যাকে যৌন নির্যাতনে দোষী সাব্যস্ত যুবককে শনিবার ২০ বছর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করল জলপাইগুড়ির বিশেষ পকসো আদালত। একই সঙ্গে ৫০ হাজার টাকা জরিমানা। অনাদায়ে আরও দু'মাস কারাবাসারে নির্দেশ দিয়েছেন বিচারক। ২০২৩ সালের মার্চ মাসে পাড়ারই এক 'কাকু'র কুকীর্তির শিকার হয়েছিল চার বছর চার মাস বয়সী এক শিশুকন্যা। মায়ের কাছ থেকে চকলেট কিনে দেওয়ার নাম করে নিয়ে গিয়ে যৌন নির্যাতন চালানো হয় বলে অভিযোগ। বাড়ি ফেরার পর যন্ত্রনায় অসুস্থ হয়ে পড়ে যায় একরত্তি মেয়েটি। পরে কুকীর্তি ধরা পড়ে যায় ওই যুবকের। জলপাইগুড়ি পকসো আদালতের সহকারী সরকারি আইনজীবী দেবাশীস দত্ত জানান, পরিবারের অভিযোগের ভিত্তিতে অভিযুক্ত বিমল রায়কে (৪২) গ্রেপ্তার করে কোতোয়ালি থানার পুলিশ। ঘটনার দুবছরের মাথায় শনিবার মামলায় সাত জনের সাক্ষ্য ও প্রমাণের ভিত্তিতে দোষী সাব্যস্ত যুবককে ২০ বছর সশ্রম কারাদণ্ডর সাজা শুনিয়েছেন বিচারক। একই সঙ্গে ৫০ হাজার টাকা জরিমানা। অনাদায়ে বছর আরও দুই মাস কারাদণ্ড। সেই সঙ্গে শিশু কন্যার পরিবারকে পাঁচ লক্ষ টাকা দেওয়ার জন্য আদালতের তরফে জেলার লিগ্যাল সার্ভিস অথোরিটিকে নির্দেশ দেওয়া হয়েছে সহকারী সরকারি আইনজীবী দেবাশীষ দত্ত জানিয়েছেন।

মায়ের বকুনি, কীটনাশক খেয়ে আত্মঘাতী পড়ুয়া

নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি: পড়াশোনার চাইতে ঘোরাঘুরিতেই বেশি মন ছিলো ছেলের। একটু সুযোগ পেলেই পড়া ফেলে দে ছুট। আর পাঁচটা বাবা মায়ের মতো জলপাইগুড়ির ময়নাগুড়ির হেলাপাকড়ি রহিমুদ্দিন হাই স্কুলের অষ্টম শ্রেণির ছাত্র সজল দাসের বাবা, মা ও চেয়েছিলেন অপ্রয়োজনে ঘোরাঘুরি ছেড়ে পড়ায় মন দিক ছেলে। ফল হল উল্টো। মায়ের বকুনিতে অভিমান করে কীটনাশক খেয়ে ফেলল ছেলে। তিনদিন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে শুক্রবার রাতে জলপাইগুড়ির একটি বেসরকারি হাসপাতালে মৃত্যুর কোলে ঢলে পড়ে অষ্টম শ্রেণির ছাত্র সজল। ঘটনায় শোকস্তব্ধ গোটা এলাকাষ শনিবার জলপাইগুড়ি মেডিক্যাল কলেজের সদর হাসপাতালের মর্গে ছেলের মৃতদেহ নিতে এসে বাবা রিঙ্কু দাসের আক্ষেপ, "ছেলেটা বোঝার চেষ্টা টুকু করল না যে ওর ভালোর জন্যই শাসন করেছিল মা। কিন্তু ছেলে যে এমন কাণ্ড ঘটিয়ে ফেলবে ভাবতেই পারিনি আমরা।"

অব্যাহতি চাইলেন তৃণমূলের শিক্ষক নেতা, বিতর্ক

নিজস্ব সংবাদদাতা, আলিপুরদুয়ার: শিক্ষক নিয়োগ বাতিল সংক্রান্ত সুপ্রিম রায়ের পরে তৃণমূলের এক শিক্ষক নেতার হোয়াটসঅ্যাপ মেসেজ ঘিরে বিতর্ক তৈরি হয়েছে। পশ্চিম বঙ্গ তৃণমূল সেকেন্ডারি টিচার্স অ্যাসোসিয়েশনের নেতা, পেশায় শিক্ষক সৌমিত্র রায়সুপ্রিম রায়ের পরেই তৃণমূল সেকেন্ডারি টিচার্স অ্যাসোসিয়েশনের হোয়াটসঅ্যাপ গ্রুপে সব পদ থেকে তিনি অব্যাহতি নেওয়ার কথা ঘোষণা করেন। ওই শিক্ষক নেতার বক্তব্য, "আমি সহকর্মীদের কেঁদে স্কুল ছাড়তে দেখেছি। কী জবাব দেব তাঁদের? আমার কাছে কোনও জবাব নেই। সেই কারণে আমি সাময়িক অব্যাহতি নিয়েছি।" হোয়াটসঅ্যাপ গ্রুপে অবশ্য ওই নেতা অনির্দিষ্টকালের জন্য সব পদ থেকে অব্যাহতির কথা ঘোষণা করেছেন। আলিপুরদুয়ার জেলা তৃণমূল সেকেন্ডারি টিচার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ভাস্কর মজুমদার বলেন, "ওই পোষ্ট করার পরেই আমি সৌমিত্রকে ফোন করেছিলাম। ও মানসিকভাবে ভেঙে পড়েছে। এই মুহূর্তে সংগঠনের সেভাবে কোনও কর্মসূচী নেই। তাই সাময়িক কয়েকদিনের অব্যাহতি চেয়েছে।"

ইংলিশবাজারে মধুচক্রের আসর থেকে আটক পুলিশ কনস্টেবল

স্টাফ রিপোর্টার, মালদহ: মধুচক্রের আসরে মশগুল পুলিশকর্মী! থানার পুলিশকে সঙ্গে নিয়ে গিয়ে সেখানেই হানা মহিলার। স্বামীর এমন কুকীর্তি ফাঁস করলেন স্ত্রী। তাঁকে ধরে পুলিশের হাতে তুলেও দিলেন তিনি।

শুক্রবার বিকেলে এমনই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে মালদহের ইংলিশবাজার থানার কোতোয়ালি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত নিমাইসরা এলাকায়। ঘটনাস্থল থেকে অভিযুক্ত যুবক বিক্রম রজককে আটক করেছে ইংলিশবাজার থানার পুলিশ। বিক্রম রাজ্য পুলিশের একজন কনস্টেবল। তিনি বর্তমানে উত্তর দিনাজপুরের রায়গঞ্জে কর্মরত আছেন। ইংলিশবাজার থানার কাজিগ্রাম পঞ্চায়েত এলাকায় তাঁর বাড়ি বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। নিমাইসরা গ্রামের ওই বাড়িতে যিনি মধুচক্র চালাচ্ছিলেন সেই মহিলাকেও পুলিশ আটক করেছে বলে খবর।

পুলিশ জানিয়েছে, ওই কনস্টেবলের স্ত্রী সম্প্রতি তাঁর স্বামীর বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ তুলেছিলেন। পণের দাবিতে দাম্পত্যে কলহের জেরে স্ত্রীকে পুড়িয়ে মারার চেষ্টাও করে ওই পুলিশকর্মী বলে অভিযোগ। এনিয়ে থানায় দু'বার স্বামীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন মহিলা। তারপরেও সমস্যা মেটেনি। মাত্র প্রায় আট মাস আগে তাঁদের বিয়ে হয়। কনস্টেবলের স্ত্রীর আরও অভিযোগ, বিয়ের পর তিনি

পুলিশকে সঙ্গে নিয়ে স্পটে হানা স্ত্রীর

জানতে পারেন নিমাইসরা এলাকায় এক মহিলার সঙ্গে তাঁর স্বামীর অবৈধ সম্পর্ক রয়েছে। ওই মহিলার বাড়িতে মধুচক্রের আসর বসে। সেখানে যাতায়াত করতেন তাঁর স্বামী। জানা গিয়েছে, এদিন বিকেলে স্বামীকে ধরতে মধুচক্রের সেই আসরে হানা দেন স্ত্রী। সেখানে অন্য মহিলার সঙ্গে বিবস্ত্র অবস্থায় স্বামীকে দেখে কেঁদে ফেলেন তিনি। এখানেই শেষ নয়, পুলিশকর্মী স্বামীকে তুলে দেন পুলিশের হাতে। পুলিশকর্মী স্বামীর কুকীর্তি ফাঁস করতে পুলিশকে সঙ্গে নিয়েই মধুচক্রের আসরে হানা দেন বলে মহিলা জানিয়েছেন। তাঁর অভিযোগ, যা ভেবেছিলেন সেটাই দেখেছেন স্বচক্ষে। সেই বাড়িতেই বিবস্ত্র ও অসংলগ্ন অবস্থায় পুলিশকর্মী স্বামীকে দেখতে পান মহিলা। তাঁর সঙ্গে ছিলেন ইংলিশবাজার থানার পুলিশ। অভিযুক্ত মহিলা-সহ পুলিশ কনস্টেবলকে পুলিশ থানায় নিয়ে যায়। জানা যায়, প্রায় আট মাস আগে মালদহের কাজিগ্রাম গ্রাম পঞ্চায়েতের শ্রীরামপুর এলাকার বাসিন্দা ওই পুলিশকর্মীর সঙ্গে বিয়ে হয়েছিল করমনি এলাকার বাসিন্দা ওই মহিলার। বিয়ের পরই পুলিশকর্মী স্বামীর অবৈধ সম্পর্কের কথা জানতে পারেন স্ত্রী। আর এই নিয়েই স্বামী-স্ত্রীর মধ্যে বিবাদ লেগেই থাকত। স্বামীর অবৈধ সম্পর্কের প্রতিবাদ করায় জুটত মার, এমনকী তাঁকে পুড়িয়ে মারার চেষ্টা করা হয় বলেও অভিযোগ। নিমাইসরা গ্রামের স্থানীয় তৃণমূল সদস্য ধরমবীর পাশোয়ান বলেন, "ওই পুলিশ কর্মীর যে মহিলার সঙ্গে অবৈধ সম্পর্ক ছিল সেই বাড়িতে প্রতিনিয়ত মধুচক্রের আসর বসে। আমরা চাই এই সমস্ত কার্যকলাপ বন্ধ হোক আমাদের এলাকায়।" পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত শুরু হয়েছে।

বাসন্তীপুজোর অষ্টমীর পুণ্যস্নানে পুণ্যার্থীদের উপচে পড়া ভিড় আমবাড়ির করতোয়া নদীতে। শনিবার সকাল থেকে উত্তরের বিভিন্ন প্রান্তের মানুষ মহাভারতে উল্লেখিত পুণ্যতোয়া করতোয়া পাড়ে ভিড় করেন। বেলা বাড়তে শুরু হয় স্নান। তথ্য: বিশ্বজ্যোতি ভট্টাচার্য, ছবি: কল্পনা সূত্রধর

কোচবিহারের ২০ বিএলও দিল্লি যাচ্ছেন প্রশিক্ষণে

স্টাফ রিপোর্টার, কোচবিহার: ভোটার তালিকা নিয়ে কম জল ঘোলা হয়নি। ভুয়া ভোটার সংক্রান্ত অভিযোগ তৃণমূলের পক্ষ থেকে বারবার তোলা হচ্ছে। একই ভোটার কার্ড নম্বরের একাধিক ভোটার পর্যন্ত সামনে এসেছে। সেক্ষেত্রে গাফিলতি কোথায় থেকে যাচ্ছে? এবার কার্যত সেই প্রশ্নের উত্তর খুঁজতে মরিয়া নির্বাচন কমিশন। তাই জেলার ওপর বুথ লেভেল অফিসারদের প্রশিক্ষণের আস্থা আর রাখছে না নির্বাচন কমিশন। রীতিমতো চিহ্নিত করা ২০ জন বিএলওদের এবার নির্বাচন কমিশনের পক্ষ থেকে দিল্লিতে বিশেষ প্রশিক্ষণের জন্য ডেকে পাঠানো হয়েছে। সেখান থেকে প্রশিক্ষিত হয়ে আসা বিএলওরা মাস্টার ট্রেনার হিসেবে কাজ করবেন। তাঁরাই কোচবিহারের বিএলওদের প্রশিক্ষণ দেওয়ার কাজ করবেন বলেই ঠিক হয়েছে। কোচবিহারের অতিরিক্ত জেলাশাসক সাধারণ শান্তনু বালা জানান, ইলেকশন কমিশন অফ ইন্ডিয়ার পক্ষ থেকে একটি নির্দেশ এসেছে। সেই মতে জেলার ২০ জন বিএলওকে চিহ্নিত করা হয়েছে। আগামী সোমবার তাঁদের প্রশিক্ষণের জন্য দিল্লির উদ্দেশ্যে পাঠানো হবে। ট্রেনের টিকিট-সহ অন্য ব্যবস্থা করা হয়েছে। সেখান থেকে যাঁরা প্রশিক্ষিত হয়ে আসবেন তাঁরা মাস্টার ট্রেনার হিসেবে কাজ করবেন। পরবর্তীতে তাঁদের দিয়ে অন্যদের প্রশিক্ষণ দেওয়ার কাজ করানো হবে। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, মূলত বিএলওদের প্রশিক্ষণ আগে জেলায় হয়ে যেত। সেক্ষেত্রে প্রশাসনের বিভিন্ন স্তরের আধিকারিকরা তাঁদের প্রশিক্ষণ দেওয়ার কাজ করতেন এবং পরবর্তীতে সেই বিএলওরা বুথ স্তরে কাজ করত। দিল্লিতে বিশেষ কোনও প্রশিক্ষণ হলে সেখানে ডিইডিডিস্ট্রিক্টও এবং ইআরও স্তরের আধিকারিকরা প্রশিক্ষণ নিতে যেতেন। বিশেষ কোনও সংযোজন বিয়োজন হলে পরে তাঁরাই এসে জেলা স্তরে সেটা বাস্তবায়িত করতেন। তবে এবার কোনও ধরনের ত্রুটি রাখতে নারাজ নির্বাচন কমিশন। সেক্ষেত্রে সরাসরি যাঁরা বুথ স্তরে কাজ করেন এবার তাঁদেরই প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রথম ধাপে যে কটি রাজ্য চিহ্নিত হয়েছে, তার মধ্যে পশ্চিমবঙ্গ রয়েছে। কাজেই কোচবিহার জেলা থেকেও বিএলওরা এবার দিল্লির উদ্দেশ্যে রওনা দিচ্ছেন।

তৃণমূল-বিজেপি সংঘর্ষে ধৃত পদ্মের মণ্ডল সভাপতি

কোচবিহার: তৃণমূল-বিজেপি সংঘর্ষের ঘটনায় এবার উভয়পক্ষ একে অপরের বিরুদ্ধে কোতোয়ালি থানায় অভিযোগ দায়ের করেছে। শুধু তাই নয় ঘটনায় পুলিশ বিজেপির নাটাবাড়ি এক নম্বর মণ্ডল সভাপতিকে গ্রেপ্তার করেছে। সেই ঘটনার প্রতিবাদে শনিবার কোচবিহার জেলা বিজেপির পক্ষ থেকে শহরে একটি প্রতিবাদ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে ফের পার্টি অফিসেই শেষ হয়।

তবে কোচবিহারের শুক্রবার তৃণমূল ও বিজেপির সংঘর্ষ এবং দিনহাটা বিজেপি নেতার বাড়িতে হামলা চালানোর ঘটনা নিয়ে তৃণমূল ও বিজেপির মধ্যে চাপানোতোর অব্যাহত রয়েছে। দিনহাটা বিজেপি নেতার বাড়িতে হামলার ছবি সোশ্যাল মিডিয়ায় তুলে ধরে ঘটনায় সমালোচনায় মুখর হয়েছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সেই প্রসঙ্গ টেনে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ বলেন, "যে অভিযোগ করা হচ্ছে সেটা সম্পূর্ণ ভিত্তিহীন। তবে তিনি চ্যালেঞ্জ করে বলতে চান যদি বিরোধী দলনেতার ক্ষমতা থাকে তাহলে তিনি দিনহাটাতে এসে নির্বাচন লড়ে দেখাবেন। এখানে লড়াই করলে তার জামানত বাজেয়াপ্ত হবে।"

হাতির হামলায় তারঘেরা জঙ্গলে মৃত মহিলা

মালবাজার : আবার হাতির আক্রমণ। এবার হাতির আক্রমণে মৃত্যু হল এক মহিলার। ঘটনাটি ঘটেছে শনিবার দুপুর নাগাদ মালবাজার মহকুমার তারঘেরা জঙ্গলে কাছে। মৃত মহিলার নাম নূর নেহার বেগম। বাড়ি ক্রান্তি ব্লকের দক্ষিণ হাসখালি খুন্নিয়াপুর এলাকায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে শনিবার সকালে দক্ষিণ হাসখালি এলাকার ৮/৯ জন মহিলা জ্বালানি কাঠ সংগ্রহের জঙ্গলে তারঘেরা জঙ্গল এলাকায় গিয়েছিলেন। কাঠ সংগ্রহ করে ফেরার সময় হঠাৎ একটি দাতাল হাতি হামলা চালায়। হাতির আক্রমণের ফলে বাদবাকি মহিলারা পালিয়ে গেলেও নূর নেহার বেগম পালাতে না পারায় হাতি তাঁকে শুঁড় দিয়ে তুলে আছাড় মারে। এরপর অন্যান্য মহিলাদের চিৎকারে হাতিটি ফের জঙ্গলে ভিতরে চলে যায়। মহিলাকে জঙ্গল থেকে উদ্ধার করে রাজ্য সড়কে নিয়ে যান তাঁর সঙ্গীরা। এরপর পথ চলতি একটি গাড়ি থামিয়ে সেই গাড়িতে করেই মাল ব্লক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে আসে। সেখানে প্রাথমিক চিকিৎসার পর অবস্থার অবনতি হলে উত্তরবঙ্গ মেডিক্যালে স্থানান্তরিত করা হয়। মেডিক্যালে নিয়ে যাওয়ার পথে রাস্তায় মৃত্যু হয় ওই মহিলার।

ওষুধের মূল্যবৃদ্ধির উত্তরেও পথে তৃণমূল

শিলিগুড়িতে তৃণমূলের প্রতিবাদ মিছিলে গৌতম দেব। —কল্পনা সূত্রধর

সংবাদ প্রতিদিন ব্যুরো: জীবনদায়ী ওষুধের বর্ধিত মূল্য এবং স্বাস্থ্য বীমার প্রিমিয়ামের উপর থেকে জিএসটি প্রত্যাহারের দাবিতে শনিবার গোটা রাজ্যের পাশাপাশি উত্তরের জেলায় জেলায় পথে নামল তৃণমূল।

এদিন শিলিগুড়িতে প্রতিবাদ মিছিলে পা মেলান শিলিগুড়ির মেয়র গৌতম দেব। শহরের পাকুড়তলা থেকে তৃণমূলের তরফে মিছিল বের হয়। ওই মিছিলে নেতৃত্ব দেন মেয়র। মিছিল শহর পরিক্রমা করে বাঘা যতীন পার্কে শেষ হয়। মেয়র বলেন, "অবিলম্বে যদি ওষুধের দাম না কমানো হয় তবে বৃহত্তর আন্দোলনে নামবে দল।"

এদিকে এদিন উত্তর দিনাজপুরের বিভিন্ন ব্লকে তৃণমূলের পাশাপাশি দলের ছাত্র সংগঠন তৃণমূল ছত্র পরিষদের নেতৃত্বে বিক্ষোভ মিছিলে পা মেলান ছাত্র-যুবরা। অন্যদিকে শহর তৃণমূলের তরফে বিক্ষোভ মিছিলে রাস্তায় নামেন দলের জেলা সভাপতি ইসলামপুর পুর চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়াল-সহ জেলা যুব সভাপতি প্রমুখরা। এদিকে ইটাহারের বিধায়ক মোশারফ হোসেনের নেতৃত্বে বিক্ষোভ মিছিলে অংশ নেন দলীয় কর্মী সমর্থকরা। একই দাবিতে গোয়ালপোখরের পাঞ্জিপাড়ার রাস্তায় মিছিলে পা মেলান স্থানীয় বিধায়ক মন্ত্রী গোলাম রব্বানি এবং জেলা পরিষদের সহ সভাধিপতি তৃণমূলের গোলাম রসুল প্রমুখরা। একইভাবে চোপড়ার বিধায়ক হামিদুল রহমানের নেতৃত্বে চোপড়ার রাস্তায় বিক্ষোভ মিছিলে যোগ দেন দলীয় কর্মী সমর্থকরা। এদিন বিকালে ইসলামপুর শহরের পাওয়ার হাউসের দলীয় কার্যালয় থেকে মিছিল শুরু হয়ে পোষ্ট অফিস মোড়ে পৌঁছে মিছিল শেষ হয়। দলীয় জেলা সভাপতি কানাইয়া লাল আগরওয়ালের অভিযোগ, "কেন্দ্রীয় সরকার ওষুধের দাম বৃদ্ধি করায় সাধারণ মানুষের ভয়ঙ্কর সমস্যার সৃষ্টি হয়েছে।" অন্যদিকে, ইটাহারের বিধায়ক তৃণমূলের মোশারফ হোসেনের দাবি, "গরীব মানুষের স্বার্থে অবিলম্বে জরুরি ওষুধের দাম কমাতে হবে, নচেই আগামিতে বৃহত্তর আন্দোলনে নামা হবে।" তৃণমূল ছাত্র পরিষদের সহ সভাপতি মুকদুর রহমান বলেন, "কেন্দ্রীয় সরকার গরীব ছাত্রছাত্রীদের শেষ করতে জরুরি ওষুদের দাম বৃদ্ধি করেছে।"

এদিকে জীবনদায়ী ঔষধের বর্ধিত মূল্য প্রত্যাহারের দাবিতে শনিবার মেখলিগঞ্জে পথে নামলেন মেখলিগঞ্জের বিধায়ক পরেশচন্দ্র অধিকারী। এদিন তাঁর সঙ্গে কোচবিহার জেলা তৃণমূলের সাধারণ সম্পাদিকা অঙ্কিতা অধিকারী, মেখলিগঞ্জ পুরসভার চেয়ারম্যান প্রভাত পাটনী, মেখলিগঞ্জ শহর তৃণমূল কংগ্রেসের সভাপতি বিষ্ণুপদ ঘোষ, ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি কেশব বর্মন, আইএনটিটিইউসির শহর সভাপতি অমিতাভ বর্ধন চৌধুরী, পুরসভার ৩ ও ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর বাবলু বর্মন ও রঞ্জিত কুমার প্রমুখ উপস্থিত ছিলেন। এদিন ওই মিছিলটি জটেশ্বরের বিভিন্ন এলাকার পরিক্রমা করে।

অন্যদিকে এই একই ইস্যুতে বিক্ষোভ মিছিল এবং পথসভার আয়োজনন করা হয়েছিল বালুরঘাট গঙ্গারামপুর শহর-সহ দক্ষিণ দিনাজপুরে বিভিন্ন এলাকায়। শনিবার জেলার সদর বালুরঘাট হাইস্কুল মাঠ থেকে শুরু হয় বিরাট মিছিল। যা পুরো শহর পরিক্রম করে শেষ হয় বালুরঘাট বাসস্ট্যান্ডে। সেখানেই অনুষ্ঠিত হয় একটি প্রতিবাদ সভা। এই কর্মসূচির নেতৃত্বে ছিলেন বালুরঘাট শহর তৃণমূল সভাপতি প্রীতম রাম মণ্ডল, শহরের সমস্ত ওয়ার্ডের সভাপতি, কনভেনার, জেলার শাখা সংগঠনের নেতারা, নির্বাচিত জনপ্রতিনিধিরা এবং কর্মী-সমর্থকরা। শহর তৃণমূল কংগ্রেসের সভাপতি প্রীতম রাম মন্ডল বলেন, অতি প্রয়োজনীয় ও জীবনদায়ী ওষুধের দাম যেভাবে লাগামছাড়া ভাবে বেড়ে চলেছে, তা অবিলম্বে নিয়ন্ত্রণে আনতে হবে। নইলে আরও বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবে তৃণমূল।

শৈল শহরে আশিকি ৩-এর শুটিং

দার্জিলিংয়ে চলছে শুটিং

দার্জিলিং : বরফি, জগ্গা জাজুস সিনেমার পর ফের দার্জিলিং পাহাড়ে পরিচালক অনুরাগ বসু। সিকিমের পর শুক্রবার রাত থেকে বিভিন্ন লোকেশনে শুরু হয়েছে আশিকি-৩ ছবির শুটিং। ছবির নায়ক কার্তিক আরিয়ান এবং নায়িকা সিলিলাকে দেখতে রাত থেকেই ভিড় করেছেন ভক্তরা। অনুরাগ বলেন, "ডুয়ার্স ও সিকিমে শুটিং শেষ করে দার্জিলিংয়ে পৌঁছেছি। পুরনো সিনেমার ভালো অভিজ্ঞ